

## রেজিস্ট্রারের কার্যালয় Office of the Registrar

তারিখঃ ফেব্রুয়ারি ১৩, ২০২৪ খ্রি.


### সমাবর্তন নোটিশ (সংশোধিত)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের 'প্রথম সমাবর্তন-২০২৪' অনুষ্ঠান আগামী ৯ মার্চ ২০২৪ খ্রি. (শনিবার) চূড়ান্তভাবে নির্ধারিত হয়েছে। উক্ত সমাবর্তন অনুষ্ঠানের সভাপতির আসন অলংকৃত করতে বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর জনাব মোহাম্মদ সাহাবুদ্দিন মহোদয় মনোনীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উল্লেখ্য যে, উক্ত সমাবর্তনে শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত অতিথিসহ দেশবরেণ্য বিভিন্ন ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।

এমতাবস্থায়, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন-২০২৪ সাফল্যমন্ডিত করতে আমন্ত্রিত অতিথিসহ নিবন্ধিত গ্রাজুয়েটবৃন্দ, সম্মানিত অভিভাবকবৃন্দ, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের যথাযথ উপস্থিতি ও সার্বিক সহযোগিতা কামনা করা যাচ্ছে।

উল্লেখ্য যে, সমাবর্তনের পূর্বের দিন অর্থাৎ ০৮ মার্চ ২০২৪ খ্রি. (শুক্রবার) দুপুর ০২:৩০ ঘটিকায় মূল ভেন্যুতে গ্রাজুয়েটদের সমাবর্তন মহড়া অনুষ্ঠিত হবে। উক্ত মহড়ায় নিবন্ধিত গ্রাজুয়েটদের স্ব স্ব বিভাগের সহযোগিতায় অংশগ্রহণ করার জন্য আহবান করা যাচ্ছে।

ভাইস চ্যান্সেলরের নির্দেশক্রমে,



মো: মিজানুর রহমান

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ

- চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়;
- দৃষ্টি আকর্ষণঃ সদস্য-সচিব, বোর্ড অব ট্রাস্টিজ, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণঃ

- ১। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব;
- ২। কোষাধ্যক্ষ; (দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবগত করার জন্য অনুরোধ করা হলো)
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক; (দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবগত করার জন্য অনুরোধ করা হলো)
- ৪। পরিচালক, আইকিউএসি
- ৫। সকল ডীন;
- ৬। প্রক্টর;
- ৭। প্রভোস্ট; (দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবগত করার জন্য অনুরোধ করা হলো)
- ৮। সকল বিভাগ প্রধান; (নিজ নিজ বিভাগের শিক্ষক ও সমাবর্তনে নিবন্ধিত শিক্ষার্থীদের অবগত করার জন্য অনুরোধ করা হলো)
- ৯। সকল প্রশাসনিক দপ্তর; (হিসাব শাখা/ভর্তি শাখা/কেন্দ্রীয় লাইব্রেরি/স্টোর)
- ১০। আইটি বিভাগ (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ১১। নিরাপত্তা বিভাগ, খাজা ইউনুস আলী মেডিকেল কলেজ ও হাসপাতাল;
- ১২। নোটিশ বোর্ড;
- ১৩। অফিস নথি।